সংবাদ

তারিখ ২১।১২।৮২
পৃষ্ঠা… কলাম…

005

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## শিক্ষা ও ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
## (শিক্ষা বিভাগ)

# বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান জরিপ

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিদপ্তর এবং বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (বেনবেইজ)-এর মাধ্যমে সরকার দেশের সকল বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান জরিপের সিদ্ধান্ত নিয়েছেন। প্রত্যেকটি অনুমোদিত বেসরকারী কলেজ, মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, দাখিল, আলিম, ফাজিল ও কামিল মাদ্রাসা সরেজমিনে জরিপ করার জন্য প্রত্যেক থানায় তথ্য সংগ্রাহকদের এক একটি দল প্রেরণ করা হবে। তথ্য সংগ্রাহকরা প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানে নিজে উপস্থিত হয়ে সমস্ত তথ্য যাচাই করে সরকার নির্ধারিত একটি জরিপ ফরম পূরণ করবেন। ফরমে শিক্ষক, প্রধান শিক্ষক/অধ্যক্ষ/সুপারিনটেনডেণ্ট, তথ্য সংগ্রাহক ও তত্ত্বাবধায়ক স্বাক্ষর করবেন।

এই জরিপ কাজ ১৭ই ডিসেম্বর, '৮২ থেকে ৩১শে জানুয়ারী, ১৯৮৩ পর্যন্ত চলবে। প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠান প্রয়োজনীয় কাগজপত্র, যেমন—শিক্ষকগণের শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট, অভিজ্ঞতার প্রমাণপত্র, ছাত্র হাজিরা, শিক্ষক হাজিরা, রেজুলেশন বই, আয়-ব্যয়ের হিসাব, পরীক্ষার ফলাফল বই, ভর্তি রেজিষ্টার, প্রত্যেক শিক্ষকের এক কপি পাসপোর্ট আকারের ছবি ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র তৈরী রাখতে হবে এবং তথ্য সংগ্রাহকদের চাহিদামত সরবরাহ করতে হবে।

এই জরিপের লক্ষ্য শিক্ষা সমস্যার সঠিক বিশ্লেষণ, শিক্ষাকে জাতীয় জীবনের প্রয়োজনে সঠিক ধারায় পরিচালিত করা এবং শিক্ষার মান উন্নয়ন ও প্রসার সাধন।

প্রদত্ত তথ্যে কোন ভুলত্রান্তি বা মিথ্যা বিবরণী থাকিলে প্রতিষ্ঠানের কর্তৃপক্ষের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

সঠিক তথ্য সরবরাহ করে জরিপ কাজ সফল করার জন্য সকলের সহযোগিতা কামনা করা হচ্ছে।

১৫।১২।৮২

স্বাক্ষর— কাজী জালাল উদ্দিন আহমদ
সচিব, শিক্ষা বিভাগ,
শিক্ষা ও ধর্ম বিষয়ক মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

তবম—৮৮৩২(২০-১২)
সি—৪৭৫০